

মডেল অ্যাক্টিভিটি টাস্ক

বাংলা

ষষ্ঠ শ্রেণি

১. ঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো :

১.১ ‘ভবঘুরে’ কবিতায় ‘শুকনো খড়ের আঁটি’ রয়েছে

(ক) অশ্বখ গাছের নীচে (খ) মাঠে (গ) গোলাঘরে (ঘ) নৌকোর খোলে

১.২ ‘তাকে আসতে বলবে কাল।’— আসতে বলা হয়েছে

(ক) শংকর সেনাপতিকে (খ) অভিমন্যু সেনাপতিকে
(গ) বিভীষণ দাশকে (ঘ) পঞ্চানন অপেরার মালিককে

১.৩ ‘আকাশে নয়ন তুলে’ দাঁড়িয়ে রয়েছে

(ক) বুনো পাহাড় (খ) মরুভূমি (গ) প্রভাত সূর্য (ঘ) পাইন গাছ

১.৪ ‘যেতে পারি কিন্তু কেন যাব’ কাব্যগ্রন্থটির রচয়িতা

(ক) নীরেদ্রনাথ চক্রবর্তী (খ) অরুণ মিত্র (গ) শক্তি চট্টোপাধ্যায় (ঘ) অমিয় চক্রবর্তী

১.৫ পূর্ববঙ্গের মাহুতের ভাষায় ‘মাইল’ শব্দের অর্থ

(ক) পিছনে যাও (খ) সাবধান (গ) বস (ঘ) কাত হও

২. খুব সংক্ষেপে নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

২.১ ‘ও তো পথিকজনের ছাতা’ — পথিকজনের ছাতা কোনটি?

২.২ ‘এখানে বাতাসের ভিতর সবসময় ভিজে জলের বাপটা থাকে।’

— কেন এমনটি হয়?

২.৩ ‘মন-ভালো-করা’ কবিতায় কবি রোদুরকে কীসের সঙ্গে তুলনা করেছেন?

২.৪ ‘আমি কথা দিয়ে এসেছি’ — কথক কোন কথা দিয়ে এসেছেন?

৩. নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

৩.১ ‘দাঁড়িয়ে রয়েছে পামগাছ মরুতটে।’

— কে এমন স্বপ্ন দেখে? কেন সে এমন স্বপ্ন দেখে?

৩.২ ‘... তাই তারা স্বভাবতই নীরব।’

— কাদের কথা বলা হয়েছে? তারা নীরব কেন?

৩.৩ ‘এরা বাসা তৈরি করবার জন্য উপযুক্ত স্থান খুঁজতে বের হয়।’

— উপযুক্ত স্থান খুঁজে নেওয়ার কৌশলটি ‘কুমোরে-পোকার বাসাবাড়ি’ রচনাংশ অনুসরণে লেখো।

৪. নির্দেশ অনুসারে উত্তর দাও :

৪.১ বিসর্গসন্ধিতে বিসর্গ রূপান্তরিত হয়ে ‘র্’ হচ্ছে — এমন দুটি উদাহরণ দাও।

৪.২ বিসর্গসন্ধিতে বিসর্গ লুপ্ত হয়ে আগের স্বরধ্বনিকে দীর্ঘ করেছে — এমন দুটি উদাহরণ দাও।

৪.৩ উদাহরণ দাও — জোড়বাঁধা সাধিত শব্দ, শব্দখণ্ড বা শব্দাংশ জুড়ে সাধিত শব্দ।

৪.৪ সংখ্যাবাচক ও পূরণবাচক শব্দের পার্থক্য কোথায়?

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।

কোন অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।